



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও  
pirganj.thakurgaon.gov.bd

স্মারকঃ ০৫.৫৫.৯৪৮২.০০০.৪২.০০১.২৩ -৬৭৪

তারিখঃ ২৪ আগস্ট ২০২৩


বিষয়ঃ পীরগঞ্জ উপজেলার তথ্য বাতায়নের সরকারি অফিসসমূহের তথ্য শতভাগ হালনাগাদকরণ  
সূত্রঃ ০৪.০০.০০০০.ট৩১.০৬.০০১.২১.২০৫ ২১ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলার সরকারি দপ্তরের পোর্টালসমূহ সার্বিক বিশ্লেষণ করে প্রতীয়মান হয় যে, কিয়দংশ সরকারি অফিস ব্যতীত অন্যান্য কার্যালয়ের পোর্টালসমূহের তথ্য শতভাগ হালনাগাদ করা হয় নিই। ইতঃপূর্বে প্রেরিত ০২ টি (দুই) তাগিদপত্রের আলোকে পোর্টালসমূহ হালনাগাদ করা হলেও সম্পূর্ণ হালনাগাদ এখনও বাকি রয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রীপরিষদ বিভাগ হতে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে যে, স্ব স্ব পোর্টাল শতভাগ হালনাগাদ থাকতে হবে। সম্প্রতি মন্ত্রীপরিষদ বিভাগ থেকে অবগত করা হয় যে, পোর্টাল হালনাগাদ বিষয়ক আর কোনো পত্রজারি করা হবে না, উপরন্তু সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ কর্তৃপক্ষের মাধ্যমে 'কারণদর্শানো' পত্র প্রেরণ করা হবে। উক্ত নির্দেশনা পালনের ব্যত্যয়ে কোনো সমস্যার সৃষ্টি হলে তার দায়ভার স্ব স্ব দপ্তরের উপর বর্তাবে।

এমতাবস্থায় দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং তৎসংশ্লিষ্ট বিষয়ে সার্বিক সহযোগিতা পাওয়ার নিমিত্ত, সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয় বরাবর যোগাযোগ করার জন্য বিনীত অনুরোধ করা হল।

সংযুক্তিঃ দপ্তরভিত্তিক পোর্টাল হালনাগাদের অনলাইন রিপোর্ট ০৩ (তিন) পাতা

প্রাপক,

  
(মোঃ শাহরিয়ার নজির)  
উপজেলা নির্বাহী অফিসার  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও


পীরগঞ্জ, ঠাকুরগাঁও

স্মারকঃ ০৫.৫৫.৯৪৮২.০০০.৪২.০০১.২৩

তারিখঃ ২৪ আগস্ট ২০২৩

সদয় অনুলিপি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
- ৪। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ৫। অফিস কপি।

  
(মোঃ শাহরিয়ার নজির)  
উপজেলা নির্বাহী অফিসার